



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড
ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং নির্দেশ বিজ্ঞপ্তি – ০২/ ২০২২-২৩/ ১৪১১(১)

তারিখঃ ২২/০৮/২০২২খ্রি.

সকল বিভাগীয় প্রধান/সকল জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়/সকল জেলা/উপজেলা।

বিষয়ঃ নৈমিত্তিক ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড সচিবালয় বিভাগের ২২/০৫/২০১৯ তারিখের পসব্য/প্রকা/প্রশা-৪৯/২০১৮-১৯/৫৪৫৫ নম্বর পত্রের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পত্রে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমোদনের ক্ষমতা নিম্নোক্তভাবে প্রদান করা হয়েছেঃ

১। প্রশাসনিক ক্ষমতাঃ


ক্র.নং	ক্ষেত্র	ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	ক্ষমতার সীমা	মন্তব্য
২১	কর্মস্থল ত্যাগের অনুমতিসহ নৈমিত্তিক ছুটি মঞ্জুর	(১) ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক, বোর্ড সচিব ও ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মচারী।	কর্মচারীদের ক্ষেত্রে স্টাফ অফিসার।
		(২) উপ-ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মচারী।	কর্মচারীদের ক্ষেত্রে স্টাফ অফিসার।
		(৩) মহাব্যবস্থাপক (প্রশাসন)	আওতাধীন বিভাগসমূহের বিভাগীয় প্রধান, মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মচারী, জেলা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী।	মহাবিভাগের কর্মচারীদের ক্ষেত্রে স্টাফ অফিসার।
		(৪) মহাব্যবস্থাপক (পরিচালন ও পরিপালন)	আওতাধীন বিভাগসমূহের বিভাগীয় প্রধান ও মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মচারী।	মহাবিভাগের কর্মচারীদের ক্ষেত্রে স্টাফ অফিসার।
		(৫) মহাব্যবস্থাপক (আইটি)	আওতাধীন বিভাগসমূহের বিভাগীয় প্রধান ও মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মচারী।	মহাবিভাগের কর্মচারীদের ক্ষেত্রে স্টাফ অফিসার।
		(৬) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের উপ-মহাব্যবস্থাপকগণ/বিভাগের দায়িত্বপ্রাপ্তগণ	স্ব স্ব বিভাগের সকল গ্রেডের কর্মচারী।	
		(৭) বোর্ড সচিব	চৌম্বারম্যান মহোদয়ের স্টাফ অফিসার (চৌম্বারম্যান মহোদয়ের সম্মতিক্রমে) এবং পর্যদ সচিবালয় ও জনসংযোগ বিভাগের কর্মচারী।	
		(৮) জেলা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী।	আওতাধীন শাখা ব্যবস্থাপক ও জেলা কার্যালয়ের সকল গ্রেডের কর্মচারী।	
		(৯) শাখা ব্যবস্থাপক	নিয়ন্ত্রণাধীন সকল গ্রেডের কর্মচারী।	
২২	দাপ্তরিক কাজে ভ্রমণ অনুমোদন	(১) ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক, বোর্ড সচিব ও ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মচারী।	
		(২) উপ-ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মচারী।	
		(৩) মহাব্যবস্থাপক (প্রশাসন)	আওতাধীন বিভাগের উপ-মহাব্যবস্থাপক/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী এবং মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মচারী।	
		(৪) মহাব্যবস্থাপক (পরিচালন ও পরিপালন)	আওতাধীন বিভাগের উপ-মহাব্যবস্থাপক/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী এবং মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মচারী, জেলা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, শাখা ব্যবস্থাপকের ক্ষেত্রে অঞ্চলের অধিক্ষেত্রের বাইরে ভ্রমণ;	
		(৫) মহাব্যবস্থাপক (আইটি)	আওতাধীন বিভাগের উপ-মহাব্যবস্থাপক/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী এবং মহাব্যবস্থাপকের ব্যক্তিগত কর্মচারী।	
		(৬) প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগের উপ-মহাব্যবস্থাপকগণ/বিভাগের দায়িত্বপ্রাপ্তগণ	স্ব স্ব নিয়ন্ত্রণাধীন সকল গ্রেডের কর্মচারী।	
		(৭) জেলা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী	আওতাধীন শাখা ব্যবস্থাপক এবং জেলা কার্যালয়ের সকল গ্রেডের কর্মচারী	
		(৮) শাখা ব্যবস্থাপক	নিয়ন্ত্রণাধীন সকল গ্রেডের কর্মচারী।	

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, কর্মকর্তা/কর্মচারীগণ যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ছুটি ভোগ করছেন এবং কর্মস্থল ত্যাগ করছেন যা চাকরি প্রবিধানমালার পরিপন্থী। পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর বিধি ২ এর উপ-বিধি-১১ এ উল্লেখ রয়েছে কোন কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে চাকরি বা কর্মস্থল ত্যাগ করলে তা পলায়ন হিসেবে গণ্য এবং দণ্ডনীয় অপরাধ।

০৩। এমতাবস্থায়, মঞ্জুরী ব্যতীত ছুটি ভোগ এবং বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ না করার জন্য এতদ্বারা সকলকে নির্দেশনা প্রদান করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চাকরি প্রবিধানমালা মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


29/10/22

(জুলিয়া খান)


সহকারী মহাব্যবস্থাপক

তারিখঃ ২৯/১০/২২

পসব্য/প্রকা/পরি-০৯/২০২২-২৩/ ১৪১১(২)

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১) স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) নথি।


29/10/22

(মোঃ তানবীর হোসেন পাটোয়ারী)
সিনিয়র অফিসার